দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 NOV 2016
পৃষ্ঠা ২৪ কলাম ৫

# বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময়সূচি প্রকাশ

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় সব ইউনিটে উত্তীর্ণ মেধা ও অপেক্ষমাণ তালিকার শিক্ষার্থীদের সাবজেক্ট চয়েজ (অনলাইনে), রিপোর্টিং ও ভর্তির সময়সূচি প্রকাশ করা হয়েছে।

সময়সূচি অনুযায়ী মেধাতালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অনলাইনে সাবজেক্ট চয়েজ আগামী ১০ ডিসেম্বর থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত এবং রিপোর্টিং ও ভর্তি স্ব স্ব ডিন অফিসে ১৭ ডিসেম্বর থেকে ১৮ ডিসেম্বর তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

প্রথম অপেক্ষমাণ তালিকার (আসন শূন্য থাকা সাপেক্ষে) শিক্ষার্থীদের অনলাইনে সাবজেক্ট চয়েজ ১৯ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত এবং রিপোর্টিং ও ভর্তি স্ব স্ব ডিন অফিসে ২১ ডিসেম্বর ২০১৬ সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

কোটাভুক্ত (মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি, ওয়ার্ড ও খেলাধুলা/সংস্কৃতি) শিক্ষার্থীদের সাক্ষাৎকার রেজিস্ট্রার অফিসে ২৭ ডিসেম্বর ২০১৬ সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এবং ভর্তি ২৮ ডিসেম্বর সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের www.bsmrstu.edu.bd এবং সাবজেক্ট চয়েজের জন্য www.bsmrstu.edu.bd/admission2016/subjectchoice ওয়েব সাইট দ্রষ্টব্য।